40

দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR 17 2000
পৃষ্ঠা: ৫ কলাম ২

# মতিঝিল মডেলের ঘটনার জন্য বর্তমান প্রিন্সিপালই দায়ী ঃ সাবেক প্রিন্সিপ্যাল

**স্টাফ রিপোর্টার ঃ** মতিঝিল মডেল স্কুল এন্ড মডেল কলেজের সাবেক প্রিন্সিপ্যাল আবদুল মতিন গতকাল এক প্রেস বিবৃতিতে ঐ কলেজের ১৩২ জন ছাত্রীর এইচএসসি পরীক্ষা নিয়ে উদ্ভূত জটিল পরিস্থিতির জন্য বর্তমান প্রিন্সিপ্যাল তালিবুর রহমানকে দায়ী করে বলেছেন, ঐ ছাত্রীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত চূড়ান্ত প্রিন্টআউট কপিগুলো ভুল অবস্থায় তার স্বাক্ষরেই বোর্ডে পাঠানো হয়। তিনি এ ব্যাপারে সম্পূর্ণ ওয়াকিবহাল থাকার পরেও সংশোধনের কোন উদ্যোগ না নিয়ে বরং প্রতি ছাত্রীর কাছ থেকে ফরম ফিলাপের কথা বলে প্রতারণাপূর্বক ৫ হাজার ৩শ' টাকা করে গ্রহণ করেছেন। অথচ এখন উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে চাপানোর মাধ্যমে সাবেক প্রিন্সিপ্যালকে জড়িয়ে ঘটনাটিকে ভিন্ন খাতে প্রবাহের অপপ্রয়াস চালাচ্ছেন। জনাব মতিন এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, এইচএসসি পরীক্ষার্থিনী ছাত্রীদের রেজিস্ট্রেশন ও বিষয় নির্বাচন সংক্রান্ত ব্যাপারে উদ্ভূত সমস্যার সমাধানে বর্তমান প্রিন্সিপ্যাল সঠিক ও সময়মতো পদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হয়েছেন। তার ওপর মিথ্যা প্রচার ও প্রতারণামূলক কথা বলে ছাত্রী ও অভিভাবকদের বিভ্রান্ত করেছেন এবং পরিস্থিতি ঘোলাটে করে ফেলেছেন। অপরদিকে উর্ধ্বতন বোর্ড কর্মকর্তাদের সাথে হঠকারী ও ঔদ্ধত্যপূর্ণ আচরণ প্রদর্শন এবং তাদের উৎকোচ প্রদান করার মতো ঘৃণ্য পন্থার আশ্রয় নিয়ে শিক্ষকতার ন্যায় মহান পেশার মর্যাদা ধূলিস্মাৎ করে দিয়েছেন। এসব ব্যাপারে ছাত্রী অভিভাবকরাও তাকে দায়ী করেছেন।